

ফরেন্স রিজার্ভ এন্ড ট্রেজারী ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

এফআরটিএমডি সার্কুলার নং - ০১

তারিখ : ১০ বৈশাখ, ১৪১৫বাং।
২৩ এপ্রিল, ২০০৮ইং।

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

রপ্তানী উন্নয়ন তহবিল এর আওতায় গৃহীত ঋণ সমন্বয় প্রসঙ্গে

রপ্তানী উন্নয়ন তহবিল সংক্রান্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের বিসিডি সার্কুলার নং- ২৯/১৯৮৮ এবং ০৬/১৯৯৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

এ প্রসঙ্গে জানানো যাচ্ছে যে, রপ্তানী উন্নয়ন তহবিল এর আওতায় গৃহীত ঋণ সুদাসলে ১৮০ দিন এবং ক্ষেত্র বিশেষে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদনক্রমে সর্বোচ্চ ২৭০ দিনের মধ্যে ফেরৎ/সমন্বয়ের নির্দেশনা রয়েছে।
কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন ক্ষেত্রে এখাতে গৃহীত ঋণ/পুনর্ভরণ সুবিধা নির্ধারিত মেয়াদান্তে পরিশোধ করা হচ্ছে না যা উপরে বর্ণিত সার্কুলারের নির্দেশনার পরিপন্থী।

এমতাবস্থায়, রপ্তানী উন্নয়ন তহবিল (ইডিএফ) এর আওতায় গৃহীত ঋণ মেয়াদপূর্তীতে সুদাসলে পরিশোধের বা প্রয়োজনে মেয়াদপূর্তীর পূর্বেই মেয়াদ বৃদ্ধির আবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত মেয়াদান্তে বকেয়া পরিশোধ বা এতদবিষয়ে এ বিভাগকে অগ্রীম তথ্য প্রদানে ব্যর্থ হলে গৃহীত ঋণ মেয়াদপূর্তীর পরবর্তী কার্যদিবসে বাংলাদেশ ব্যাংকের সাথে রক্ষিত আপনাদের এফ,সি, ক্লিয়ারিং হিসাব বিকলনপূর্বক সুদাসলে আদায় করা হবে। এ সিদ্ধান্ত ০৪ মে, ২০০৮ থেকে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(কাজী ছাইদুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৭১২০৬৫৮